



## নর্থ সাউথ ইউনিভার্সিটির প্রথম সমাবর্তন ছাত্রছাত্রীদের সুনাগরিক ও চরিত্রবান হয়ে গড়ে উঠতে রাষ্ট্রপতির আহ্বান

কাগজ প্রতিবেদক : নর্থ সাউথ ইউনিভার্সিটির প্রথম সমাবর্তন অনুষ্ঠান গতকাল মঙ্গলবার ঢাকার আর্মি স্টেডিয়ামে অনাড়ম্বর পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। ইউনিভার্সিটির চ্যান্সেলর রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদ দেশের উন্নয়নে অবদান রাখার লক্ষ্যে নিজেদের সুনাগরিক ও চরিত্রবান হিসেবে গড়ে তোলার জন্য ছাত্র সমাজের প্রতি আহ্বান জানিয়েছেন।

গতকাল নর্থ সাউথ ইউনিভার্সিটির প্রথম ডিগ্রীপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের হাতে চ্যান্সেলর রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদ প্রশংসাপত্র তুলে দেন। বাংলাদেশে এই প্রথম একটি প্রাইভেট ইউনিভার্সিটির ডিগ্রীপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের সমাবর্তন অনুষ্ঠান হলো। এ উপলক্ষে আর্মি স্টেডিয়ামের গোটা মাঠজুড়ে বিরাট প্যান্ডেল তৈরি করা হয়। শীতের সকালে ইউনিভার্সিটির ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের উপস্থিতিতে প্যান্ডেল ভরে যায়। ইউনিভার্সিটির স্বেচ্ছাসেবক দলের সুশৃঙ্খল ব্যবস্থাপনায় সকাল সোয়া ৯ টার মধ্যেই সকলে আসন নেন। রাষ্ট্রপতি সাহাবুদ্দীন আহমদ সকাল ১০টায় অনুষ্ঠানস্থলে এলে কনভোকেশন গাউন পরিহিত ইউনিভার্সিটির প্রতিষ্ঠাতা প্রেসিডেন্ট সহ শিক্ষক ও ডিগ্রীপ্রাপ্ত ছাত্র-ছাত্রীরা অভ্যর্থনা জানায়। এরপর গাউন পরিহিত রাষ্ট্রপতির নেতৃত্বে শিক্ষক ছাত্র ছাত্রীরা শোভাযাত্রা করে রাষ্ট্রপতিকে মঞ্চে পৌঁছিয়ে দেন। রাষ্ট্রপতির সঙ্গে ইউনিভার্সিটির প্রতিষ্ঠাতা প্রেসিডেন্ট ও আজীবন সদস্যরা মঞ্চে আসন নেন। প্রেসিডেন্ট সাহাবুদ্দীন আহমদ মঞ্চে পৌঁছার পর জাতীয় সঙ্গীত পরিবেশনের মাধ্যমে অনুষ্ঠান শুরু করা হয়। এরপর নর্থ সাউথ ইউনিভার্সিটির প্রতিষ্ঠাতা প্রেসিডেন্ট মুসলেহ উদ্দিন আহমেদ স্বাগত ভাষণ দেন। বক্তব্য রাখেন এফপিইআর-এর বোর্ড অফ গভর্নসের চেয়ারম্যান এম. এ আউয়াল, ইউনিভার্সিটি অফ সাউথার্ন ইনডিয়ানার (যুক্তরাষ্ট্র) প্রেসিডেন্ট ড. এইচ রেই হপস। এ ছাড়া ডিগ্রীপ্রাপ্ত ছাত্রদের পক্ষে বক্তব্য রাখেন এম এস রানা। এই বক্তৃতার পালা শেষ হলে রাষ্ট্রপতি ও চ্যান্সেলর বিচারপতি সাহাবুদ্দীন আহমদ প্রধান অতিথির ভাষণ দেন এবং ভাষণের পরই ডিগ্রীপ্রাপ্ত ৯৬ জন ছাত্র-ছাত্রীর হাতে সার্টিফিকেট তুলে দেন। ইউনিভার্সিটির প্রতিষ্ঠাতা প্রেসিডেন্ট তাঁর ভাষণে বলেন, নর্থ সাউথ ইউনিভার্সিটি প্রথম ব্যাচের ছাত্র-ছাত্রীদের এই সমাবর্তন অনুষ্ঠান বাংলাদেশে একটি ইতিহাস সৃষ্টি করলো। কারণ এই প্রথম এদেশে প্রাইভেট ইউনিভার্সিটি থেকে ডিগ্রী পেলো। তিনি আরো জানান, নর্থ সাউথ ইউনিভার্সিটি ১৩৭ জন ছাত্র-ছাত্রী নিয়ে '৯২ সালে যাত্রা শুরু করেছিল। আজ ছাত্র-ছাত্রী ১১০০। তবে তিনি বলেন, প্রথম ব্যাচের ১৩৭ জনের মধ্যে ৯৬ জন শেষ পর্যন্ত টিকে গেছে। অর্থাৎ ইউনিভার্সিটির প্রথম ব্যাচের অর্থনীতি ও কম্পিউটার সায়েন্স বিভাগের ৯৪ জন ছাত্র-ছাত্রী সম্মান ডিগ্রী ও অর্থনীতিতে ২ জন মাস্টার্স ডিগ্রী পেলেন। তারাই সার্টিফিকেট নিলেন।

এ ছাড়া রাষ্ট্রপতি সাহাবুদ্দীন আহমদ ইউনিভার্সিটির ১২ জন আজীবন সদস্যের হাতে ক্রেস্ট তুলে দেন।

সবশেষে রাষ্ট্রপতি, শিক্ষক, ছাত্র-ছাত্রী, অভিভাবক সকলে প্যান্ডেলের পাশে মাঠে চা-চক্রে মিলিত হন। রাষ্ট্রপতি সোয়া ১২টায় বিদায় নেন।

নর্থ সাউথ ইউনিভার্সিটির কনভোকেশন প্যারেডে গতকাল সম্মুখে চ্যান্সেলর ও রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদ, তার পর ক্রমে বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা প্রেসিডেন্ট মুসলেহউদ্দিন আহমেদ ও ইউনিভার্সিটি অফ সাউথার্ন ইনডিয়ানা (ইউএসএ)-এর প্রেসিডেন্ট এইচ রেই হপস

- ভোরের কাগজ